

চট্টগ্রামে এশিয়ান উইমেন ভার্সিটির আনুষ্ঠানিক যাত্রা শুরু

৫ সারোয়ার সুনন, চট্টগ্রাম অফিস

প্রত্যেক শিক্ষার্থীর পেছনে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষই প্রতিবন্ধক ব্যায় করবে ৭ লাখ টাকা। শিক্ষার্থীরা উচ্চ শিক্ষা নিতে পারবে তাদের পছন্দ অনুযায়ী। বাংলাদেশসহ দক্ষিণ-পূর্ব এশিয়ার ১২টি দেশের সুবিধা বঞ্চিত ৩ হাজার মেধাবী ছাত্রী পাবে এখানে শিক্ষা লাভের সুযোগ। বিশ্বমানের শিক্ষা নিতে চট্টগ্রামের সন্নিমপূর্বে একশ একর জায়গা জুড়ে ১ হাজার ২০০ কোটি টাকায় নির্মিত হচ্ছে এশিয়ান উইমেন ইউনিভার্সিটি। অস্থায়ী ক্যাম্পাস গড়ে শনিবার আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু ঘোষণা দিয়েছেন এডভাইজরি বোর্ডের চেয়ারম্যান ও উদ্বোধনায়ক সরকারের সাবেক উপদেষ্টা রেজেকমা আক্তার রহমান। প্রথম পর্যায়ে শিক্ষার্থী হিসাবে রয়েছে (১৫শ পৃঃ ৩-এর কঃ ৫ঃ)

চট্টগ্রামে এশিয়ান

(১৬শ পৃঃ পর)

বাংলাদেশ, ভারত, পাকিস্তান, শ্রীলঙ্কা, নেপাল ও কম্বোডিয়াসহ ৭টি দেশের ১৩১ জন শিক্ষার্থী। ১১৮৫ জন আবেদনকারীর সাথে প্রতিযোগিতামূলক পরীক্ষায় উত্তীর্ণ হয়ে তারা এ সুযোগ পান। এ সময় এইউজিইউএসএফের জাইস চেয়ারম্যান ছুতি মুন্সি, সাবেক শিক্ষামন্ত্রী ড. এম. গুলাম ফারুক, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নজদি এস জাই, নির্বাহী পরিচালক রিজিনা পাশু, পরিচালকমণ্ডলীর চেয়ারম্যান জ্যাক মেয়ার, বোর্ড অব ট্রাস্টির প্রেসিডেন্ট ও সিইও কামাল আহমেদ উপস্থিত ছিলেন।